



...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা



অক্টোবর ২০২২ মাসের মাসিক স্টাফ সভার কার্যবিবরণী


সভাপতি	মো: মজিবর রহমান জেলা প্রশাসক, সিলেট
সভার তারিখ	২৩ অক্টোবর ২০২২
সভার সময়	বেলা ২:৩০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট সেপ্টেম্বর, ২০২২ মাসের মাসিক স্টাফ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	২	৩
১	কর্মকর্তা-কর্মচারীদের সকাল ০৮:০০ টার মধ্যে অফিসে উপস্থিত থাকতে হবে। উপস্থিতির জন্য নির্ধারিত সময়ের ১৫ (পনেরো) মিনিট পর অর্থাৎ সকাল ০৮:১৫ টায় শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজিরা বহিতে স্বাক্ষর পূর্বক নিয়মিত সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা প্রশাসক বরাবর প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
২	শাখায় প্রাপ্ত পত্রাদির বিষয়ে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী বিলম্ব প্রতিরোধে নিষ্পত্তিকরণ সময়সীমার মধ্যে যথাযথভাবে দ্রুত উপস্থাপন করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৩	এ কার্যালয়ে যে যে শাখায় আলমিরা/র‌্যাক-এর সমস্যা রয়েছে তা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নেজারত ডেপুটি কালেক্টর সিলেট
৪	যে সকল তদন্ত প্রতিবেদন ও পত্র পেন্ডিং পত্র রয়েছে সে সকল তদন্ত প্রতিবেদন ও পেন্ডিং পত্রের বিষয়ে আগামি ১৫ দিনের মধ্যে তাগিদপত্র প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট সকল
৫	এ কার্যালয়ের ২য় তলার বাথরুম দ্রুত মেরামত করতে হবে।	নেজারত ডেপুটি কালেক্টর সিলেট
৬	আরএম শাখার সকল মামলার এসএফ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। মামলার এসএফ শূন্য পর্যায়ে নিয়ে আসতে হবে। যে সকল মামলায় সরকারি স্বার্থ নেই সেগুলোর জবাব দ্রুত দিতে হবে।	সংশ্লিষ্ট সকল
৭	পত্র নিষ্পত্তির প্রমাণকসহ মাসিক স্টাফ সভায় পেন্ডিং পত্রের তথ্য উপস্থাপন করতে হবে।	সংশ্লিষ্ট সকল

(ক) বিবিধ: এ কার্যালয়ের রাজস্ব শাখায় কর্মরত জনাব অতুল চন্দ্র দাস, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গত ১৪ অক্টোবর ২০২২ তারিখ মৃত্যু বরণ করেন। তার আকস্মিক মৃত্যুতে সংশ্লিষ্ট কর্মচারীর বিদেহী আত্মার শান্তি কামনায় জেলা প্রশাসনের পক্ষ হতে শোক প্রস্তাব গৃহীত হয়।

পরিশেষে সকলকে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট


স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০০৬.০৬.০০১.২১.১০৬৬

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯

০৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ২) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
- ৪) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর/ সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৫) সহকারী কমিশনার (ভূমি), (সকল), সিলেট
- ৬) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
- ৮) জেলা ট্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ট্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট



মো: মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট